



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নওগাঁ জিলা স্কুল, নওগাঁ।

E-mail: naogaon.zilla.school2010@gmail.com
Website: naogaonzillaschool.edu.bd
EIN No- 123413, Telephone No- 074162302



তারিখ : ২০/০২/২০২২খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা নওগাঁ জিলা স্কুলের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভাষা আন্দোলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করে এবং ভাষা আন্দোলনের শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করত: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় ও জেলা প্রশাসনের কর্মসূচির সঙ্গে সংগতি রেখে নওগাঁ জিলা স্কুল কর্তৃক নিম্নরূপ কর্মসূচী গৃহীত হয়েছে। বিদ্যালয় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি সকাল ৭.০০টায় একান্তভাবে কাম্য।

ক্রমিক	তারিখ ও সময়	বিষয়
১.	২১/০২/২০২২খ্রি. সূর্যোদয়ের সাথে সাথে	বিদ্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন
২.	২১/০২/২০২২ খ্রি. সকাল ৭.৩০টা	কেন্দ্রীয় শহিদ মিনার, মুক্তির মোড়ে পুষ্পস্তবক অর্পণ
৩.	২১/০২/২০২২ খ্রি. সকাল ৮.৩০টা	“ক”- গ্রুপ (৩য় থেকে ৬ষ্ঠ শ্রেণি) রচনা প্রতিযোগিতা: (বিষয়: আমাদের মাতৃভাষা) চিত্রাংকন প্রতিযোগিতা: (বিষয়: শহিদ মিনার)
		“খ”- গ্রুপ (৭ম থেকে ১০ম শ্রেণি ও এস.এস.সি পরীক্ষার্থী- ২০২২) রচনা প্রতিযোগিতা: (বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) চিত্রাংকন প্রতিযোগিতা: (বিষয়: ২১ ফেব্রুয়ারির প্রভাত ফেরি)
৪.	২১/০২/২০২২ খ্রি. সকাল ১০.০০টা	শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস অর্জনে নিহত শহিদদের আত্মার মাগফেরাত কামনা এবং বিভিন্ন পর্যায়ে যাঁদের অবদান রয়েছে তাঁদের মঙ্গল কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত।

বি. দ্র.- ছাত্রদের যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হয়ে প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণ করতে বিশেষভাবে বলা হলো। সকল প্রকার উপকরণ প্রতিযোগীদের সঙ্গে আনতে হবে। একই দিনে প্রতিযোগিতা অন্তে তাৎক্ষণিকভাবে মূল্যায়নপূর্বক বিজয়ীদের মধ্যে আকর্ষণীয় পুরস্কার বিতরণ করা হবে।

প্রধান শিক্ষক
নওগাঁ জিলা স্কুল, নওগাঁ।